

আজব রোগ
দর্পণ কবীর

কাদের মিয়ার আজব সে-কী রোগ
চোখের জলে ভাসেন তিনি
শুনলে হাসির জোক ।
কারো খুশির খবর শুনে
জানান গভীর শোক ।

কাব্য কিবা গানের কথায়
দেবেন গালি-ধমক
তিনি দেখাতে চান চমক ।

তার মিথ্যা বলা ঝাঁক
মিশেল দিতে পারেন বেজায়,
চায়ের সাথে কোক ।
তিনি ডিগ্রীধারী লোক ।

বলেন তিনি যা-ই মুখে
রাখো যদি টুকে
কথা-কাজের মিল পাবে না
'খুশবো' বলেন 'গু'-কে!

বললে কথা আরো অনেক
করা যাবে যোগ
তার বোধের উদয় হোক ।